দৈনিক বাংলা

তারিখ 14 MAY 1994
পৃষ্ঠা ৪ কলাম ৬

78

# রাজশাহী বোর্ডের প্রশ্নপত্র ফাঁস

স্টাফ রিপোর্টার : রাজশাহী ১৩ মে।— রাজশাহী শিক্ষা বোর্ডের চলতি এসএসসি পরীক্ষার বিজ্ঞান দ্বিতীয় পত্রের নৈর্ব্যক্তিক বিষয়ের প্রশ্নপত্র বৃহস্পতিবার রংপুরে ফাঁস হয়ে যায়।

বোর্ড কর্তৃপক্ষ ইতিমধ্যেই কাল শনিবার সকালে অনুষ্ঠিতব্য বিজ্ঞান দ্বিতীয় পত্রের শুধুমাত্র নৈর্ব্যক্তিক পরীক্ষাটি বাতিল করেছে। এই পরীক্ষার নতুন তারিখ বোর্ড পরে ঘোষণা করবে বলে জানা গেছে। বৃহস্পতিবার বিজ্ঞান প্রথম পত্রের পরীক্ষার দিনে রংপুর কেন্দ্রের সচিব ভুলক্রমে বিজ্ঞান দ্বিতীয় পত্রের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র (খ–গ্রুপ) খুলে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে পাঠিয়ে দিলে এই প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়।

এ ব্যাপারে রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করা হলে তাঁরা ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, কাল শনিবার সকালে অনুষ্ঠিতব্য বিজ্ঞান দ্বিতীয় পত্রের নৈর্ব্যক্তিক পরীক্ষা বাতিল করা হয়েছে। এই বাতিল আদেশ বোর্ডের ১৬টি জেলার সব পরীক্ষা কেন্দ্রের জন্য প্রযোজ্য। এই নৈর্ব্যক্তিক পরীক্ষার তারিখ পরে জানানো হবে।